রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শনিবার, জুন ২৯, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/০৯ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং- ২১৮-আইন/২০২৪।**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৬, ধারা ৭৬ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বীমাকারীর পরিচালক নির্বাচন বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) **"কর্তৃপক্ষ"** অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা ২(ক) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(গ) **"পরিচালনা পর্ষদ"** অর্থ আইনের ধারা ৭৬ (১) এ বর্ণিত পরিচালনা পর্ষদ;

(ঘ) **"বীমা কোম্পানী"** অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২ উপ-ধারা (১) এর দফা (ণ) তে সংজ্ঞায়িত বীমা কোম্পানী; এবং

(ঙ) **"রেকর্ড ডেট"** অর্থ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিচালনা পর্ষদ কর্তৃক ঘোষিত এইরূপ একটি দিন যেই দিন বীমা কোম্পানীর সদস্য বহিতে (কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা ৩৪) শেয়ার মালিক হিসাবে নাম তালিকাভুক্ত রহিয়াছে এইরূপ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন বা অন্যান্য যোগ্যতার শর্তপূরণ সাপেক্ষে পরিচালকের শূন্য পদে নির্বাচন করিতে পারিবেন।

(২) এই বিধিমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে।

৩। **উদ্যোক্তা পরিচালক নির্বাচন**।—(১) বীমা কোম্পানীর সংঘস্মারক বা সংঘবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৭৮ এ বর্ণিত বিধি-নিষেধ সাপেক্ষে, উদ্যোক্তা পরিচালকের শূন্যপদ পূরণের নিমিত্তে বীমাকারীর বার্ষিক সাধারণ সভায় উদ্যোক্তা শেয়ারহোল্ডারগণ তাঁহাদের নিজেদের মধ্য হইতে উদ্যোক্তা পরিচালক নির্বাচন করিবেন।

(২) উদ্যোক্তা পরিচালক পদে নির্বাচনের ক্ষেত্রে নির্বাচন অনুষ্ঠিত হইবার অন্যূন ১ (এক) বৎসর পূর্ব হইতে বীমা কোম্পানীর পরিশোধিত মূলধনের ন্যূনতম ২% (দুই শতাংশ) শেয়ারধারণ অব্যাহত রাখিতে হইবে।

৪। **জনগণের অংশের শেয়ার গ্রহীতা পরিচালক নির্বাচন**।—(১) বীমা কোম্পানীর সংঘস্মারক বা সংঘবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৭৮ এ বর্ণিত বিধি-নিষেধ সাপেক্ষে, জনগণের অংশের শেয়ারগ্রহীতা পরিচালকের শূন্য পদ পূরণের নিমিত্তে জনগণের অংশের শেয়ারহোল্ডারগণ তাঁহাদের নিজেদের মধ্য হইতে জনগণের অংশের শেয়ারগ্রহীতা পরিচালক নির্বাচন করিবেন।

(২) শেয়ারগ্রহীতা পরিচালক পদে নির্বাচনের ক্ষেত্রে নির্বাচন অনুষ্ঠিত হইবার কমপক্ষে ১ (এক) বৎসর পূর্ব হইতে বীমা কোম্পানীর পরিশোধিত মূলধনের ন্যূনতম ২% (দুই শতাংশ) শেয়ারধারণ অব্যাহত রাখিতে হইবে।

৫। **কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ**।—বীমাকারীর পরিচালনা পর্ষদের এক-তৃতীয়াংশের অধিক পরিচালক নির্বাচনের ক্ষেত্রে নির্বাচন প্রক্রিয়া শুরু হইবার অন্যূন ২ (দুই) মাস পূর্বে শূন্য পদের সংখ্যা উল্লেখপূর্বক কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

৬। **নিরপেক্ষ পরিচালক মনোনয়ন**।—(১) পরিচালনা পর্ষদ উহার সকল পরিচালকদের (নিরপেক্ষ পরিচালক ব্যতিত) সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে নিরপেক্ষ পরিচালক মনোনয়ন করিবে।

(২) উপবিধি (১) অনুযায়ী মনোনীত নিরপেক্ষ পরিচালকের মনোনয়ন উক্ত বীমা কোম্পানীর বার্ষিক সাধারণ সভায় চূড়ান্ত করিতে হইবে।

৭। **তফসিল ঘোষণা, ইত্যাদি**।—(১) নির্বাচনের তারিখ, সময়, স্থান ও অন্যান্য বিষয়াদি এবং নির্বাচিতব্য পরিচালকের সংখ্যাসহ নির্বাচনের তফসিল উক্তরূপ নির্বাচনের অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে অন্যূন ২ (দুই) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে।

(২) রেকর্ড ডেটের ১ (এক) মাসের মধ্যে পরিচালকের নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে, অন্যথায় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পুনরায় রেকর্ড ডেট নির্ধারণ করিতে হইবে।

৮। **নির্বাচন পরিচালনা কমিটি**।—(১) নির্বাচনী সভা বীমাকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক একাধিক পরিচালকের সমন্বয়ে গঠিত নির্বাচন পরিচালনা কমিটির মাধ্যমে পরিচালিত হইবে এবং নির্বাচন পরিচালনা কমিটির,—

(ক) সদস্য সংখ্যা হইবে ৩ (তিন) জন;

(খ) কোনো সদস্য নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না; এবং

(গ) কোনো সদস্য একইসাথে বাছাই কমিটি ও আপিল কমিটির সদস্য হইতে পারিবেন না।

(২) নির্বাচন পরিচালনা কমিটির সদস্যগণ নির্বাচন পরিচালনা, ভোটাধিকার প্রস্তুতকরণ, শেয়ারগ্রহীতাদের ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে বীমা কোম্পানীতে তাহার মোট শেয়ারের ১০% এর অধিক ভোট প্রদানের সুযোগ না পাওয়ার বিষয়টি নিশ্চিতকরণসহ নির্বাচন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ ও সম্পন্ন করিবেন।

৯। **বাছাই কমিটি**।—নির্বাচনের পূর্বে কোম্পানীর পরিচালনা পর্ষদ কর্তৃক নির্বাচন অনুষ্ঠানের নিমিত্ত বাছাই কমিটি গঠন করিতে হইবে এবং উক্ত কমিটির,—

(ক) সদস্য সংখ্যা হইবে ২ (দুই) জন;

(খ) কোনো সদস্য নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না;

(গ) কোনো সদস্য একইসাথে নির্বাচন পরিচালনা কমিটি ও আপিল কমিটির সদস্য হইতে পারিবেন না; এবং

(ঘ) সদস্যগণ নির্বাচনের জন্য প্রার্থীগণ যোগ্যতা সম্পন্ন কিনা তাহা নিশ্চিত করিবেন।

১০। **আপিল কমিটি**।—(১) নির্বাচনের পূর্বে কোম্পানীর পরিচালনা পর্ষদ কর্তৃক নির্বাচন অনুষ্ঠানের নিমিত্ত আপিল কমিটি গঠন করিতে হইবে এবং উক্ত কমিটির,—

(ক) সদস্য সংখ্যা হইবে ১ (এক) জন;

(খ) সদস্য নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না; এবং

(গ) সদস্য একইসাথে নির্বাচন পরিচালনা কমিটি ও বাছাই কমিটির সদস্য হইতে পারিবেন না।

(২) নির্বাচন পরিচালনা কমিটি ও বাছাই কমিটির কোনো সিদ্ধান্তে কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি আপিল কমিটির নিকট আপিল করিতে পারিবেন এবং উক্ত বিষয়ে আপিল কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১১। **ভোটার**।—(১) বীমা কোম্পানী কর্তৃক বার্ষিক সাধারণ সভার জন্য পুঁজি বাজারে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রে নির্ধারিত রেকর্ড ডেট এ সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড এর বেনেফিশিয়ারি ওনার'স (বি.ও) হিসাবধারী শেয়ারহোল্ডারগণ এবং যেই সকল কোম্পানী পুঁজিবাজারে নিবন্ধিত নহে সেই সকল কোম্পানীর বার্ষিক সাধারণ সভার নোটিশ জারির তারিখে যাহাদের নাম শেয়ার রেজিস্ট্রারে অন্তর্ভুক্ত থাকিবে সেই সকল শেয়ারহোল্ডারগণ (ব্যক্তি বা প্রতিষ্ঠান) বার্ষিক সাধারণ সভায় পরিচালক নির্বাচনে ভোটার হিসাবে গণ্য হইবেন।

(২) কোনো শেয়ারহোল্ডার বীমা কোম্পানীর রেকর্ড ডেটে তাহার ধারণকৃত প্রতিটি শেয়ারের বিপরীতে একটি ভোট প্রদানের অধিকারী হইবেন :

তবে শর্ত থাকে যে, কোনো শেয়ারহোল্ডারের এইরূপ ভোটের সংখ্যা বীমা কোম্পানীর রেকর্ড ডেটে ভোটাধিকার প্রাপ্য হইবে এইরূপ সকল শেয়ারের বিপরীতে মোট ভোটাধিকারের ১০ (দশ) শতাংশের অধিক হইবে না।

১২। **নির্বাচন পদ্ধতি**।—(১) পরিচালক পদের জন্য আগ্রহী প্রার্থীকে নির্বাচনে অংশগ্রহণের নিমিত্ত তফসিল এর ফরম অনুসারে বাছাই কমিটির নিকট ঘোষণাপত্র দাখিল করিতে হইবে।

(২) বাছাই কমিটির সিদ্ধান্তে কোনো প্রার্থী সংক্ষুব্ধ হইলে তিনি ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আপিল কমিটির নিকট আবেদন করিতে পারিবেন এবং উক্ত আবেদন আপিল কমিটি যাচাই বাছাইপূর্বক ৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিষ্পত্তি করিবে।

(৩) বাছাই কমিটির নিকট যাচাই বাছাইয়ের সময় যদি প্রতীয়মান হয় যে, নির্বাচনে যোগ্য প্রার্থীর সংখ্যা নির্বাচিতব্য পরিচালকের সংখ্যার সমান বা কম, সেইক্ষেত্রে নির্বাচন পরিচালনা কমিটি কর্তৃক সকল প্রার্থীকে পরিচালকরূপে নির্বাচিত মর্মে ঘোষণা করিবে এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবে।

(৪) নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রে নির্বাচন পরিচালনা কমিটি বীমা কোম্পানীর সংঘবিধিতে বিধৃত পদ্ধতিতে নির্বাচন পরিচালনা করিবে।

(৫) নির্বাচন শেষে নির্বাচন পরিচালনা কমিটি ভোট গণনা করিবে এবং নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা করিবে।

**তফসিল**

**[বিধিঃ ১২(১) দ্রষ্টব্য]**

বীমাকারীর পরিচালক বা নিরপেক্ষ পরিচালক পদে নির্বাচনের নিমিত্ত ঘোষণাপত্র

**ফরম**

বীমাকারীর নাম...................................

বরাবর

বাছাই কমিটি

মহোদয়,

আমি বীমাকারীর পরিচালক বা নিরপেক্ষ পরিচালক পদে নির্বাচন করিতে আগ্রহী। আমি...................................পিতা...................................মাতা........................... জাতীয় পরিচয়পত্র নম্বর..................................... বেনেফিশিয়ারি ওনার'স (বি.ও.) আইডি বা শেয়ারহোল্ডার নম্বর...........................এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি বীমাকারীর পরিচালক বা নিরপেক্ষ পরিচালক হইবার অনুপযুক্ত নই। নিম্নবর্ণিত ঘোষণা আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক এবং সত্য, যথা :—

(১) আমি ফৌজদারী অপরাধে দন্ডিত নই কিংবা জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকান্ডের সহিত জড়িত ছিলাম না এবং বর্তমানেও নেই;

(২) আমি উম্মাদ বা মানসিকভাবে বিকারগ্রস্ত নই;

(৩) আমার নিজের কিংবা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা অন্য কোনো প্রতিষ্ঠান হইতে গৃহীত ঋণ পরিশোধে অক্ষম নই এবং খেলাপী বা দেউলিয়া হিসাবে ঘোষিত হই নাই;

(৪) আমি কোনো আদালত কর্তৃক দন্ডিত হই নাই এবং কোন প্রতারণামূলক কাজের সহিত জড়িত ছিলাম না বা বর্তমানেও নাই;

(৫) আমি অন্য কোনো ব্যাংক কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠান বা একই শ্রেণির বীমা কোম্পানীর পরিচালক নই;

(৬) আমি কোনো বীমা কোম্পানীর আইন বিশেষজ্ঞ, উপদেষ্টা বা পরামর্শক হিসেবে চুক্তিবদ্ধ নই।

তারিখঃ...................

আবেদনকারীর স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহিদ হোসেন**
যুগ্মসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd